

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী "জমিনকে আমার জন্য পবিত্র ও সালাত আদায়ের স্থান করে দেওয়া হয়েছে" এর দ্বারা উদ্দেশ্য কিছু জমিন; পুরো জমিন নয় মর্মে হাদীস

> ذِكْرُ الْخَبَرِ المصرِّح بِأَنَّ قَوْلَهُ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ((جُعِلَتْ لِيَ الْأَرْضُ طَهُورًا وَمَسْجِدًا)) أَرَادَ بِهِ بِعِضَ الْأَرْضِ لَا الْكُلَّ

আরবী

2310 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا المُقَدِّمِي قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا هِشَامٌ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا لَمْ قَالَ: (إِذَا لَمْ تَجِدُوا إِلَّا مرابِضَ الْغَنَمِ وَلَا تُصَلُّوا فِي مَرَابِضِ الْغَنَمِ وَلَا تُصَلُّوا فِي أعطان الْإِبلِ فَصَلُّوا فِي مَرَابِضِ الْغَنَمِ وَلَا تُصَلُّوا فِي أعطان الْإِبلِ

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2310 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (176).

বাংলা

২৩১০. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমরা সালাত আদায় করার জন্য মেষের খোয়াড় ও উট বাধার স্থান ছাড়া আর কোন কোন জায়গা না পাবে, তখন তোমরা মেষের খোয়াড়ে সালাত আদায় করবে, তবে উট বাধার স্থানে সালাত আদায় করবে না।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৪৪৯; ইবনু মাজাহ: ৭৬৮; দারেমী: ১/৩২৩; সহীহ ইবনু খুয়াইমাহ: ৭৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা



নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন